সোনালী ব্যাংক লিমিটেড

<u>প্রধান কার্যালয়, ঢাকা</u>

<u>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন</u>

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি'র **অক্টোবর-ডিসেম্বর, ২০১৯** ত্রৈমাসিক সভার (২০১৯-২০২০ অর্থ বছরের **২য়** সভা) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক |
| তারিখ | : | ২৬ ডিসেম্বর, ২০১৯ রোজ বৃহস্পতিবার |
| স্থান | : | মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক' |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির **অক্টোবর-ডিসেম্বর, ২০১৯** ত্রৈমাসিকের সভা (২০১৯-২০২০ অর্থ বছরের **২য়** সভা) ২৬ ডিসেম্বর, ২০১৯ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) সোনালী ব্যাংক স্টাফ কলেজ ও ট্রেনিং ইনস্টিটিউটসমূহে **অক্টোবর-ডিসেম্বর, ২০১৯** ত্রৈমাসিকে কর্মকর্তা/কর্মচারীদের সুশাসন/শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। বাংলাদেশ ব্যাংক ও অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে শুদ্ধাচার বিষয়ে প্রেরিতব্য ত্রৈমাসিক প্রতিবেদনে এইসকল বিষয়াদি প্রমাণকসহ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

২) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। **অক্টোবর-ডিসেম্বর, ২০১৯** ত্রৈমাসিকের জন্য ২৩ ডিসেম্বর, ২০১৯ তারিখে দৈনিক সমকাল পত্রিকায় উল্লিখিত বই হতে ২৫নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

৩) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী পুরস্কারপ্রাপ্তদের তালিকা এ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট, ২০১৮ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ৮ এর আলোকে এ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য পরিচালনা পর্ষদের ১২ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৬০৭তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার ৩.১.১ হতে ৩.১.৫ ক্রমিক পর্যন্ত এ ব্যাংকে ৫টি ক্যাটগরিতে ৫ জনকে সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার-২০১৮ প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার-২০১৮ প্রদানের নিমিত্ত পরিচালনা পর্ষদে প্রয়োজনীয় অনুমোদনের জন্য স্মারক উপস্থাপন করা হলে ১৬ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ৬৪২তম সভায় সোনালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ কর্তৃক ৫ জন নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদানের অনুমোদন দেওয়া হয়। এ ধারাবাহিকতায় **শুদ্ধাচার পুরস্কার-২০১৯** প্রদানের জন্য কার্যক্রম শুরুর জন্য কমিটি মত প্রকাশ করেন।

৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি,
<u>সোনালী ব্যাংক লিমিটেড</u>

(hrdd- Marouf )__(m) কার্যবিবরণী - NIS FY 2019-20 Meeting Minutes _ 2nd

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

**২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে**
**প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৯) সভা**

(স্থান: প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুম)

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আতাউর রহমান প্রধান,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | |
| ২ | জনাব মোঃ এবনুজ জাহান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৩,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য | |
| ৩ | জনাব মোঃ আবুল হাসেম,<br>জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | |
| ৪ | জনাব মোঃ ছায়েদুর রহমান,<br>জেনারেল ম্যানেজার,<br>মানি লন্ডারিং, টেররিজম ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ভিজিল্যান্স ডিভিশন | সদস্য | |
| ৫ | জনাব ওমর ফারুক খন্দকার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO),<br>ইনফরমেশন টেকনোলজি ডিভিশন | সদস্য | |
| ৬ | জনাব মোঃ সিরাজুল ইসলাম,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন | | ২৯/১২/১৯ |
| ৭ | জনাব মোঃ শওকত জামান,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (ইনচার্জ),<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | |
| ৮ | জনাব প্রবীর কুমার চন্দ,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | |
| ৯ | জনাব তুহিন কান্তি হালদার,<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | |
| ১০ | জনাব মোঃ মারুফ হায়দার খান,<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | |